অনুবাদ

002

তারিখ ১২।১০।৮১
পৃষ্ঠা

# জাতীয় অধ্যাপক কাজী মোতাহার হোসেনের ইন্তেকাল



জাতীয় অধ্যাপক ডঃ কাজী মোতাহার হোসেন গত শুক্রবার সকালে পিজি হাসপাতালে ইন্তেকাল করেছেন (ইন্না-------রাজেউন)। ঐদিন সন্ধ্যায় বনানী গোরস্থানে তাঁকে দাফন করা হয়েছে। মৃত্যুকালে বিশিষ্ট সাহিত্যিক ও শিক্ষাবিদ ডঃ কাজী মোতাহার হোসেনের বয়স হয়েছিল ৮৫ বছর।

বাসস ও এনা জানায়, ২৬শে সেপ্টেম্বর থেকে তিনি সংজ্ঞাহীন অবস্থায় ছিলেন। ঐ দিন রাতে মস্তিষ্কে রক্তক্ষরণজনিত কঠিন অসুখের জন্য তাঁকে হাসপাতালে ভর্তি করা হয়।

ডঃ হোসেনের নামাজে জানাজা প্রথমে বায়তুল মোকাররমে এবং পরে আসরের নামাজের পর ঢাকা বিশ্ববিদ্যালয় মসজিদে অনুষ্ঠিত হয়। তাঁর নামাজে জানাজায় শিক্ষক, সাহিত্যিক, সাংবাদিক রাজনৈতিক নেতৃবৃন্দসহ সমাজের সর্ব স্তরের লোক উপস্থিত ছিলেন।

মৃত্যুকালে তিনি দুই ছেলে ছয় মেয়ে, অনেক আত্মীয়স্বজন ও অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

(মরহুমের সংক্ষিপ্ত জীবনী ৭-এর পাতায় দেখুন)।

### আজ কুলখানি

আজ সোমবার আসর নামাজের পর ডঃ কাজী মোতাহার হোসেনের কুলখানি অনুষ্ঠিত হবে বলে তাঁর পারিবারিক সূত্রে জানা গেছে।

মরহুমের বন্ধুবান্ধব, আত্মীয়স্বজন ও গুণগ্রাহীদের ১৩, সেগুন বাগিচার বাসভবনে কুলখানিতে যোগ দেয়ার জন্য অনুরোধ জানানো হয়েছে।